

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ১৩. ফেরেশতা নাযিল হ'ল (نزول الملائكة)

হযরত সা'দ বিন আবু ওয়াককাছ (রাঃ) বলেন, ওহোদ যুদ্ধের দিন আমি রাসূল (ছাঃ)-এর সাথে দু'জন সাদা পোশাকধারী লোককে দেখি, যারা তাঁর পক্ষ হ'তে প্রচন্ড বেগে লড়াই করছিলেন। যাঁদেরকে আমি এর পূর্বে বা পরে আর কখনো দেখিনি- অর্থাৎ জিব্রীল ও মীকাঈল।[1]

ফেরেশতাগণ সংকট মুহূর্তেই কেবল সহযোগিতা করেছেন, সর্বক্ষণের জন্য নয়। এই সহযোগিতা ছিল প্রেরণামূলক। যাতে রাসূল (ছাঃ) ও মুসলমানদের হিম্মত বৃদ্ধি পায়। নইলে একা জিব্রীলই যথেষ্ট ছিলেন কাফির বাহিনীকে নির্মূল করার জন্য।

ফুটনোট

[1]. বুখারী হা/8o৫8; মুসলিম হা/২৩o৬।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5463

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন